

- ৬.১৩. উপজেলা বা তদনিয় পর্যায়ে কর্মরত চিকিৎসকদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৬.১৪. স্বাস্থ্য সেবা বিভাগ প্রণীত স্বাস্থ্য সেবা দলই চূড়ান্ত হজ স্বাস্থ্য সেবা দল হিসেবে গণ্য হবে।
- ৬.১৫. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী এ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত হজ স্বাস্থ্য সেবা দলে অন্তর্ভুক্ত হতে পারবেন না। এরূপ ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে শৃংখলা ভংগের অভিযোগে তাঁর/তাঁদের বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম গ্রহণ করা যাবে।

৭.০ আবেদনের যোগ্যতাঃ


- ৭.১. হজ স্বাস্থ্য সেবা দলে অন্তর্ভুক্তির জন্য আগ্রহী সরকারি চাকুরীরত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে এবং সার্বক্ষণিক সেবার মনোভাব নিয়ে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ৭.২. আবেদনকারীর বয়স ৩৫-৫৫ বছরের মধ্যে হতে হবে।
- ৭.৩. একবার হজ স্বাস্থ্য সেবা দলের সাথে সৌদি আরব গমন করে থাকলে পরবর্তী বছর সংশ্লিষ্ট ব্যক্তি আবেদন করতে পারবেন না।
- ৭.৪. স্বাস্থ্য সেবা দলে মনোনীত সরকারি চিকিৎসক, নার্স, ফার্মাসিস্ট ও মেডিকেল টেকনোলজিস্ট কোনভাবেই স্বামী/স্ত্রী/সন্তান-কে সফরসংগী করতে পারবেন না বা একত্রে অবস্থান করতে পারবেন না।
- ৭.৫. হজ স্বাস্থ্য সেবা দলের প্রত্যেক সদস্যের যে কোন ধরনের জরুরী অবস্থা মোকাবেলা করার মানসিকতা থাকতে হবে।
- ৭.৬. যেকোন জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য হজ স্বাস্থ্য সেবা দলনেতার নির্দেশনা ও পরামর্শ অনুযায়ী দায়িত্ব পালন করতে হবে।

৮.০ সাধারণ নির্দেশনাঃ

- ৮.১. সৌদি আরবে অবস্থানকালে সৌদি রাজকীয় সরকারের আইন ও নিয়মকানুন অনুসরণ করে স্বাস্থ্য সেবা প্রদান করতে হবে এবং দেশের সুনাম ক্ষুন্ন হয় এমন কাজ করা থেকে বিরত থাকতে হবে।
- ৮.২. দেশে প্রত্যাবর্তনের পর হজ স্বাস্থ্য সেবা দলের দলনেতা দলের প্রত্যেক সদস্যের দায়িত্ব পালন, চিকিৎসা এবং নার্সিং সেবার মান সংক্রান্ত কার্যক্রমের উপর ১০(দশ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরম (পরিশিষ্ট-গ) এ স্বাস্থ্য সেবা বিভাগে প্রতিবেদন দাখিল করবেন।
- ৮.৩. হজ স্বাস্থ্য সেবা দলে মনোনীত হওয়ার সরকারি আদেশ জারীর পর স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি/ছাড়পত্র ব্যতীত কর্মস্থল ত্যাগ করা যাবেনা।
- ৮.৪. স্বাস্থ্য সেবা দলের প্রত্যেক প্রতিনিধি তাঁর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করলে বা দায়িত্ব পালনে অবহেলা প্রদর্শন করলে তাকে তাৎক্ষণিকভাবে দেশে ফেরত পাঠানোর জন্য সংশ্লিষ্ট দলনেতা স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর প্রস্তাব প্রেরণ করবেন।
- ৮.৫. হজ স্বাস্থ্য সেবা দলের প্রত্যেক সদস্য সৌদি আরব গমনের পূর্বে অর্পিত দায়িত্ব যথাযথ পালন সংক্রান্ত অঙ্গীকারনামা বা মুচলেকা প্রদান করবেন (পরিশিষ্ট-ঘ)।

৯.০ নীতিমালা সংশোধনঃ

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সময়ে সময়ে এ নীতিমালায় প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন সংযোজন, বিয়োজন করতে পারবে।



(মো: হাবিবুর রহমান খান)

অতিরিক্ত সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়